# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা-৬৯(কোভিড-১৯)/২৫০৭

তারিখ ঃ ১৯ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারী ও ১৮ বছরের উর্ধ্বের শিক্ষার্থীগণকে কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১, তারিখঃ ০১ আগস্ট ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোস্থ স্মারকের নির্দেশনার আলোকে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্ধ্বের সকল শিক্ষার্থীদের ভ্যাকসিন গ্রহণ নিশ্চিতকরণ এবং অন্যদের ভ্যাকসিন গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণে নিম্নরূপ দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।

ক) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্ধ্বের সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান উদ্বুদ্ধ ও নিশ্চিত করবেন।

খ) সম্মনিত শিক্ষকগণ অনলাইন/ ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করবেন।

গ) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান করবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৩/০৮/২১

(মোঃ মোস্তফা কামাল আহমদ)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

৩/৮/২১

বিতরণ:

১। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।

অবগতির জন্য অনুলিপি।
১। জেলা শিক্ষা অফিসার (সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ জেলা)।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ( বোর্ডের আওতাধীন সকল উপজেলা)।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগস্ট ২০২১

বিষয়: **শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত।**

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে নিজ নিজ ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণে নিম্নরূপ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্দ্ধের সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান উদ্বুদ্ধ ও নিশ্চিত করবেন;
(খ) এ বিভাগের আওতাধীন বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ের দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীসহ আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করবেন;
(গ) সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করবেন;
(ঘ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান করবেন।

১-৮-২০২১
মোঃ নজরুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল:
sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তাঁর আওতাধীন সকল দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।